# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

BENGALI

India's National Spiritual Newspaper

₹ 10/-

ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE

REACHING NATIONS

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor: Rev. Dr. ANJAN KUMAR SINGH

Vol. XXIV | JANUARY 2023 | No. 11


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

মথি ৫:১১-১৮

১১। ধন্য তোমরা, যখন লোকে আমার জন্য তোমাদের অপমান করে, নির্যাতন করে ও মিথ্যা অভিযোগে তোমাদের বিরুদ্ধে সর্বপ্রকার মন্দ কথা বলে।

১২। উল্লসিত হয়ো, আনন্দ কোরো; কারণ স্বর্গে তোমাদের পুরস্কার প্রচুর। কারণ পূর্বে ভাববাদীদেরও তারা একই উপায়ে নির্যাতন করত।

১৩। তোমরা পৃথিবীর লবণ। কিন্তু লবণ যদি তার লবণত্ব হারায়, তাহলে কীভাবে তা পুনরায় লবণের স্বাদযুক্ত করা যাবে? তা আর কোনো কাজেরই উপযুক্ত থাকে না, কেবলমাত্র তা বাইরে নিক্ষেপ করার ও লোকদের পদদলিত হওয়ার যোগ্য হয়।

১৪। "তোমরা জগতের জ্যোতি। পাহাড়ের উপরে অবস্থিত নগর কখনও গুপ্ত থাকতে পারে না।

১৫। আবার লোকে কোনো প্রদীপ জ্বেলে তা গামলা দিয়ে ঢেকে রাখে না, বরং তা বাতিদানের উপরেই রাখে। তখন তা গৃহে উপস্থিত সকলকেই আলো দান করে।

১৬। একইভাবে, তোমাদের দীপ্তি মানুষদের সাক্ষাতে উদ্দীপ্ত হোক, যেন তারা তোমাদের সৎ কর্মগুলি দেখে তোমাদের স্বর্গস্থ পিতার প্রশংসা কীর্তন করে।

১৭। এরকম মনে কোরো না যে, বিধান বা ভাববাদীদের গ্রন্থগুলি আমি লোপ করতে এসেছি; সেগুলি লোপ করার জন্য আমি আসিনি, কিন্তু পূর্ণ করার জন্যই এসেছি।

১৮। আমি তোমাদের প্রকৃতই বলছি, যে পর্যন্ত আকাশ ও পৃথিবী লুপ্ত না হয়, সে-পর্যন্ত বিধানের ক্ষুদ্রতম একটি বর্ণ বা কলমের সামান্যতম কোনো আঁচড়ও লুপ্ত হবে না, সমস্ত কিছু পূর্ণরূপে সফল হবে।

## আশীর্ব্বাদ ধন্য নববর্ষ ২০২৩

**"সব রকমের তিক্ততা, রোষ ও ক্রোধ, কলহ ও নিন্দা, সেই সঙ্গে সব ধরনের হিংসা পরিহার করো। পরস্পরের প্রতি দয়ার্দ্র ও সহানুভূতিশীল হও। ঈশ্বর যেমন খ্রীষ্টে তোমাদের ক্ষমা করেছেন, তেমনি তোমরাও পরস্পরকে ক্ষমা করো" (ইফিষীয় ৪:৩১,৩২)।**

**ডঃ. এ. রীচার্ড শমূয়েল**

আমরা যখনই নতুন বছরে প্রবেশ করি তখনই আমরা নতুন বছরের সঙ্কল্পগুলির বিষয় চিন্তা করি। কিন্তু দুঃখজনক বিষয় হচ্ছে, আমরা আগের বছরের সঙ্কল্পগুলির কথা এবং কতটা আমরা উপলব্ধি করেছি তা আমরা স্মরণ করার চেষ্টাও করি না। কোনও একজন মজা করে বলেছিলেন, "ভগ্ন করার জন্য নতুন বছরের সঙ্কল্পগুলি তৈরী করা হয়।"

নতুন বছরের সঙ্কল্পগুলি বাঁচিয়ে রাখা একটি দলগত কাজ। যীশু শিষ্যদের প্রশিক্ষণ দিয়েছিলেন, যে মুহূর্তে যীশু ক্রুশবিদ্ধ হয়েছিলেন সেই মুহূর্তে তারা যীশুকে পরিত্যাগ করেছিলেন, যীশু শিষ্যদের গালীলে পর্বতের উপর একত্রিত হতে বলেছিলেন। মথি ২৮:১৬। তারা বাধ্য হয়েছিলেন কিন্তু যখন দেরী হয়েছিল, শিষ্যরা তাদের আসল পেশায় ফিরে গিয়েছিলেন — মাছ ধরার কাজ। যোহন ২১:১-৪ পদ। আমরা প্রেরিত ২ অধ্যায়ে পাঠ করি যে পঞ্চাশত্তমীর দিন, উপরের কক্ষে পবিত্র আত্মা শিষ্যদের কাছে এসেছিলেন। শিষ্যরা শক্তিপ্রাপ্ত হয়েছিলেন এবং তাদের মধ্যে এক বিস্ময়কর পরিবর্তন দেখা গিয়েছিল। তারা সুসমাচারের সাহসী প্রচারক হয়েছিলেন। আমরা যখন নববর্ষের সঙ্কল্পগুলির বিষয় গভীরভাবে বিবেচনা করছি তখন আমাদের অবশ্যই বুঝতে হবে যে ঈশ্বরের সাহায্য ছাড়া নতুন বছরের সঙ্কল্পগুলি রক্ষা করা সহ আমরা কোন কিছু করতে পারবো না। যোহন ১৫:৫ পদে বলা হয়েছে: **"আমি দ্রাক্ষালতা, তোমরা সব শাখা। যে আমার মধ্যে থাকে এবং আমি যার মধ্যে থাকি, সে প্রচুর ফলে ফলবান হবে; আমাকে ছাড়া তোমরা কিছুই করতে পারো না।"** সুতরাং আসুন আমরা এই সত্যে আশ্বস্থ হয়ে ২০২৩, নববর্ষে প্রবেশ করি যে ঈশ্বরের সঙ্গে অংশীদারত্বে আবদ্ধ হওয়া ব্যতীত আমরা কিছুই করতে

(ক্রমশঃ ৩ পৃষ্ঠায়)

### তাঁর আহ্বানের প্রতিধ্বনি - ইউ টিউব চ্যানেল!

### পাস্টর স্যাম সেলভা রাজের সঙ্গে প্রার্থনা করুন!!



প্রতিদিন সকাল ৫টার সময় আমাদের সুসমাচারের বাণী আপলোড করা হয়। এছাড়াও প্রতি রবিবার সকাল ৮:৩০ মিনিটে, তামিল ভাষায় আহ্বানের প্রতিধ্বনি – ইউ টিউব চ্যানেলে আমাদের সুসমাচারের বাণীগুলি আপলোড করা হয়। খুব শীঘ্রই আমরা ইংরাজী এবং হিন্দি ভাষাতেও বাণীগুলি আপলোড করবো। অনুগ্রহ করে আমাদের জন্য প্রার্থনা করুন এবং আপনাদের দৃষ্টিভঙ্গি পাঠান। আহ্বানের প্রতিধ্বনি প্রার্থনার অংশীদার হিসাবে এই ভাবে আপনিও প্রতিদিন সকালে পাস্টর স্যাম সেলভা রাজের সঙ্গে ব্যক্তিগতভাবে প্রার্থনা করতে পারেন। — মেরী এবং ক্রিস্টি চিন্নিয়া, ডাইরেকটরস্।

# আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)



## *from your dearly beloved brother...*



### আমাদের মিশনের নীতি

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।


**CHIEF EDITOR**
Angeline Selvakumari Henry, M.A., M.Ed.

**MANAGING EDITOR**
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.

**ADMINISTRATION**
Bro. N. Prakasam, M.A., General Manager

**EDITORIAL BOARD**
Sis. Jesy Veena Sam
Sis. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Dr. A. Richard Samuel, M.A., Ph.D.
Rev. Dr. K.R. Rajasekaran

**EDITOR, PUBLISHER & PRINTER**
Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 95661 31858

**CORE LEADERS**
Bro. K. Puratchivendan
Bro. A. Edward Durai
Bro. A. Alvin
Bro. K. Abraham
Sis. Dhanalakshmi Chinnaiah

**E.mail ID**
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in

**WEBSITES**
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.com

**YOUTUBE CHANNEL**
Echo of His Call


### "তোমার আশা বিচ্ছিন্ন করা হবে না।"
### হিতোপদেশ ২৩:১৮

প্রভুতে প্রিয় ভাই এবং বোনেরা,

আমরা আমাদের প্রভু এবং ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের নামে আপনাদের ২০২৩ সালের নববর্ষের শুভেচ্ছা জানাই। আমরা আমাদের সদাপ্রভু ঈশ্বরকে সমস্ত গৌরব এবং সম্মান দিই যিনি আমাদের এই সমস্ত বছর পরিচালনা করে আসছেন!

আপনি কেমন আছেন? আন্তরিক বোঝাসহ আমরা আপনার জন্য এবং আপনার প্রয়োজনগুলির জন্য প্রার্থনা করি। যারা ব্যক্তিগতভাবে আমাদের সঙ্গে যোগাযোগ রাখেন এবং প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, অনুদান দানকারী অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদারদের জন্য আমরা ব্যক্তিগত ফাইল এবং রেজিস্টার রাখি। আপনাদের জন্য এবং আপনাদের পরিস্থিতিগুলি নিয়ে প্রার্থনার করার বিষয়টি আমরা আমাদের দায়িত্ব হিসাবে গ্রহণ করেছি, এই কারণে এই বিষয়গুলি আমাদের মনে এবং প্রাণে রাখতে হয়। আমি আমার ব্যক্তিগত কক্ষে 'পেনসিল প্রেয়ার ম্যাট' নামে একটি বিশেষ জায়গা পৃথক করে রেখেছি এবং এই 'পেনসিল প্রেয়ার ম্যাট' জায়গাটি প্রতিদিন ২৪ ঘণ্টা প্রার্থনা করার জন্য প্রস্তুত থাকে। আমাদের সদাপ্রভু ঈশ্বর আমাদের প্রার্থনাগুলি গ্রাহ্য করবেন এবং আপনাদের আশীর্বাদ করবেন। কোনও কিছুর জন্য ভয় করবেন না। ঈশ্বর আপনাদের সহবর্তী। ঈশ্বরের সন্তানরা যে সমস্ত ক্লেশ এবং কষ্টভোগ করে তা আমরা জানি। সুতরাং, সাহসী হন। এই নতুন বছরে ঈশ্বর আপনাদের জন্য মহান বিষয়গুলি করবেন। "ওহে দেশ, ভয় করো না; আনন্দিত হও ও উল্লাস করো। সদাপ্রভু নিশ্চয়ই মহৎ সব কাজ করেছেন!" (যোয়েল ২:২১)।

আমরা কয়েকটি স্বাধীন মণ্ডলী এবং পরিচর্যার বিষয় কিছু তথ্য লাভ করেছি। আমরা উপলব্ধি করতে পারছি যে ভবিষ্যতে ভারতে এই ধরণের পরিচর্যাগুলিকে কঠিন পরিস্থিতির মোকাবিলা করতে হতে পারে। সুতরাং এই ধরণের পরিচর্যাকারীদের অবশ্যই সতর্ক হতে হবে এবং এই সময়ের মধ্যে প্রয়োজনীয় কাজগুলি করতে হবে।

আপনি যদি স্বাধীনভাবে প্রভুর সেবা করছেন, এবং কোনও সংস্থার অধীনস্থ নন, তাহলে কয়েকটি স্বীকৃত সংস্থার সঙ্গে আপনার পরিচর্যাটিকে সরকারীভাবে সহযুক্ত করে নিন। আপনি যদি ইতিমধ্যেই কয়েকটি সংস্থার সঙ্গে যুক্ত হয়ে থাকেন, এবং নেতাদের সঙ্গে আপনার মতের মিল না হওয়ার কারণে এখন স্বাধীনভাবে কাজ করছেন,তাহলে দয়া করে সমস্ত ভুল বোঝাবুঝি মিটিয়ে নিন এবং আপনার সম্পর্কগুলি ঠিক করুন। আপনার নেতাদের বশীভূত হন এবং সহযোগিতা করুন এবং সংস্থায় আপনার অবস্থানটি সুনিশ্চিত করুন। এছাড়াও, ধর্ম নির্বিশেষে আপনার প্রতিবাসীদের সঙ্গে আপনার উত্তম সম্পর্ক বজায় রাখুন। বড়দিনের সময় তাদেরকে কেক অথবা ফল উপহার সহ তাদের সঙ্গে সাক্ষাৎ করুন এবং আপনার প্রতিবাসীদের প্রতি আপনার ভালোবাসা দেখান। অনুগ্রহ করে এই উপদেশ গ্রহণ করুন এবং এই বিষয়ে উদাসীন হবেন না।

ভবিষ্যতে, আপনার পরিচর্যার জন্য ঈশ্বরের পরিচালনা এবং মানুষের আনুকূল্যের প্রয়োজন। **"আমি নেকড়েদের মধ্যে তোমাদের মেষের মতো প্রেরণ করছি। সেই কারণে, তোমরা সাপের মতো**

**চতুর ও কপোতের মতো সরল হও" (মথি ১০:১৬)।** আমাদের বেশ কয়েক জন কার্যকরী উকিল, হিসাবরক্ষক এবং বাইবেল পণ্ডিত আছেন যারা আপনাকে সাহায্য করার জন্য প্রস্তুত আছেন।

আপনি যদি থিওলজিকাল ডিগ্রি ছাড়াই পূর্ণ সময়ের জন্য ঈশ্বরের দাস হন কিন্তু বিশ্বাসের সঙ্গে প্রভুর সেবা করছেন, কারণ প্রভু আপনাকে তাঁর সেবাকাজ করার জন্য আহ্বান করেছেন, তাহলে আপনি অবশ্যই নিজেকে কোনও বাইবেল কলেজের অথবা ডিস্টেন্স এডুকেশনাল সিস্টেমের নিয়মিত শিক্ষার্থী হিসাবে আপনার নাম নথিভুক্ত করুন অথবা অন্তত পক্ষে অনলাইনে থিওলজি সম্পর্কে শিক্ষালাভ করুন এবং সার্টিফিকেট লাভ করুন। আপনার কাছে যদি কোনও থিওলজিকাল অথবা পরিচর্যাকরী অভিষেকের সার্টিফিকেট না থাকে, তাহলে শীঘ্রই এটি লাভ করার চেষ্টা করুন। পরিচর্যাকারী অভিষেকের সার্টিফিকেট আপনাকে প্রচুররূপে সাহায্য করবে। এই উদ্দেশ্যে আপনাকে কোনও টাকা খরচ করতে হবে না। আমরা একসঙ্গে যোগদান করবো এবং একসঙ্গে কাজ করবো। **"যখন ঈশ্বরের লোকেরা ঐক্যবদ্ধ হয়ে একত্রে বাস করে তা কত উত্তম"** (গীত ১৩৩:১)।

আপনার যদি এই বিষয়ে কোনও সাহায্যের প্রয়োজন হয়, তাহলে আপনি পত্র অথবা ই- মেইলের মাধ্যমে আমাদের সঙ্গে যোগাযোগ করতে পারেন। আমরা আপনাকে যথাসম্ভব সাহায্য করবো। আসুন আমরা ঐক্যবদ্ধ হই! আমরা বিজয়ী হই!!

ঈশ্বরের ইচ্ছা হলে,আমি বিভিন্ন জায়গায় পরিদর্শন করতে চাই এবং সুসমাচার প্রসার, বাপ্তিস্ম এবং পরিচর্যাকারী অভিষেকের মাধ্যমে এই নতুন বছরে ঈশ্বরের পরিচর্যাকারীদের শক্তিশালী করতে চাই। অনুগ্রহ করে আমাদের সুস্বাস্থ্য, অনুকূল পারিবারিক পরিস্থিতি এবং উত্তম আর্থিক অবস্থার জন্য এখন থেকে প্রার্থনা করতে শুরু করুন।

বর্তমানে আমরা প্রতিদিন সকাল ৫টায় এবং রবিবার সকাল ৮:৩০ মিনিটে



'ইকো অফ হিজ কল' নামক ইউটিউব চ্যানেলে আমাদের বাণী সম্প্রচার করি। আপনি সেই সম্প্রচারগুলি দেখতে পারেন এবং নোটিফিকেশন পাওয়ার জন্য সাবস্ক্রাইব করতে পারেন।

আমাদের পরিচর্যা কাজের জন্য কোনও স্থায়ী আর্থিক সাহায্য নেই। আমাদের প্রভু যীশু আমাদের জোগানদাতা। প্রভুর পরিচালনা অনুসারে আপনিও আমাদের পরিচর্যা কাজের জন্য আমাদের সাহায্য করতে এগিয়ে আসতে পারেন।

প্রভু যিনি আমাদের হাত ধরে আছেন এবং বিগত ৫৪ বছর যাবৎ আমাদের পরিচালনা করে আসছেন তিনি আপনাকেও প্রচুররূপে আশীর্বাদ করবেন!

আমেন।

যীশু খ্রীষ্টে আপনাদের দাস

**পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং অ্যালেকস স্যামসন স্যাম।**

(+91) 98412 71858 / 98410 71858, E.mail : samselvaraj333@gmail.com

---

*(ক্রমশঃ, ১ পাতার পর)*

পারি না কিন্তু ঈশ্বরের সঙ্গে সমস্ত কিছুই সম্ভব।

আমাদের মধ্যে অনেকেই ট্রেনে অথবা প্রধান বাসস্ট্যাণ্ডগুলিতে এই সাইনবোর্ডটি দেখেছেন, "কম মালপত্র, অধিক আরাম, যাত্রা মনোরম করে"। কেবল আমাদের জাগতিক যাত্রার ক্ষেত্রে নয়, কিন্তু জীবনের যাত্রার ক্ষেত্রেও এটি অর্থপূর্ণ। অনেক সময় আমরা যে অতিরিক্ত মালপত্র বহন করি তা কেবল আমাদের জীবনকেই দুর্বিসহ করে না কিন্তু অন্যদের জীবনকেও দুর্বিসহ করে। বহু বছরের ভুল, আঘাত, যন্ত্রণা, রাগ, তিক্ততা, হতাশা, ব্যর্থতা এবং এই ধরণের বিষয়গুলোর প্রচণ্ড ভার নিয়ে অনেক লোক চলাফেরা করে। এটি আামাদের বর্তমান এবং ভবিষ্যতের সম্পর্কগুলির মধ্যে উপচে পরে এবং সমান্তরাল ক্ষতি সাধন করে। যীশুতে, আমাদের অতীত ভুলের জন্য কোনও দণ্ডাদেশ নেই কারণ আমরা অনন্তকালীন অনুগ্রহ দ্বারা আবৃত হয়েছি। আমরা আমাদের চারিদিকে যে মূল্যহীন ভার বহন করে চলেছি তা পরিত্যাগ করার এবং স্বাধীনভাবে বাঁচতে শেখার এটাই উপযুক্ত সময়। এই অপ্রয়োজনীয় ভার আমাদের জীবনযাত্রাকে দুর্বহ এবং গুরুভার করে তোলে।

আমাদের সদাপ্রভু ঈশ্বরের আমাদের প্রত্যেকের জন্য একটি পরিকল্পনা আছে। তাঁর পরিকল্পনা হচ্ছে আমাদের সমৃদ্ধ করার, আমাদের অনিষ্ট করার নয়, আমাদের আশা এবং ভবিষ্যৎ দান করার। যিরমিয় ২৯:১১। ঈশ্বরের ইচ্ছা এবং আমাদের জন্য তাঁর পরিকল্পনগুলি জেনে আমরা আমাদের আত্মিক যাত্রা শুরু করি। এটি আমাদের যাত্রার নির্দেশনা দেয় এবং আমাদের ফোকাসের মধ্যে থাকতে সাহায্য করে।

প্রেরিত পৌল ইফিষীয় মণ্ডলীর উদ্দেশে লেখা তাঁর পত্রে আমাদের যাত্রায় বিঘ্নতা সৃষ্টিকারী এই অবাঞ্ছিত মালপত্রের বিষয় স্পষ্ট এবং বিস্তারিতভাবে আলোচনা করেছেন। **"সব রকমের তিক্ততা, রোষ ও ক্রোধ, কলহ ও নিন্দা, সেই সঙ্গে সব ধরনের হিংসা পরিহার করো। পরস্পরের প্রতি দয়ার্দ্র ও সহানুভূতিশীল হও। ঈশ্বর যেমন খ্রীষ্টে তোমাদের ক্ষমা করেছেন, তেমনই তোমরাও পরস্পরকে ক্ষমা করো"** (ইফিষীয় ৪:৩১,৩২)। এর পরিবর্তে, পৌল আমাদের পরামর্শ দিয়েছেন আমরা যেন কেবল আমাদের যাত্রার জন্য প্রয়োজনীয় মালপত্র বহন করি এবং এটি আমাদের এবং আমাদের সহযাত্রীদের যাত্রাকে আরামদায়ক এবং মনোরম করবে।

পৌল ৬ টি অবাঞ্ছিত বিষয় বহন করার একটি তালিকা দিয়েছেন:

১। তিক্ততা
২। রোষ
৩। ক্রোধ
৪। কলহ
৫। নিন্দা
৬। হিংসা

এবং আমাদের যে সমস্ত সহায়ক, উপকারী এবং প্রয়োজনীয় মালপত্র বহন করা উচিৎ সেগুলি হল:

১। দয়া
২। সহানুভূতি
৩। ক্ষমা

## ১। তিক্ততা

তিক্ততা হচ্ছে একটি আবেগ যার থেকে রেহাই পাওয়া কঠিন। এই আত্মা যারা আমাদের আঘাত করে তাদের সঙ্গে আমাদের পুনরায় মিলিত হতে দেয় না।

আমরা উদারভাবে এই আবেগকে পুষ্ট করতে থাকি। আমরা যে অপমান এবং আঘাতগুলি পেয়েছি তা বারংবার স্মরণ করার দ্বারা আমরা সর্বদা এটিকে উষ্ণ রাখি। এটি হচ্ছে ক্যানসারের মতো যা আমাদের মধ্যে ছড়িয়ে পড়ে এবং আমাদের আনন্দ এবং মানসিক শান্তিকে বিঘ্নিত করে। এই অতিরিক্ত মালপত্র আমাদের যাত্রাকে অত্যন্ত কষ্টকর করে তোলে।

## ২। রোষ

বার্কলে তাঁর টীকা ভাষ্যে বলেছেন যে এটি এক ধরণের ক্রোধ যা খড়ের মতো দগ্ধ হয়, এর অগ্নিশিখা অতিদ্রুত উপরে উঠে যায়। আমরা মাঝে মাঝেই আচমকা রেগে যাই। প্রচণ্ড চিৎকার করার দ্বারা এই মন্দ মেজাজ প্রদর্শিত হয়। কেউ তার উপর অন্যায় করছে অনুভব করলে সে এইভাবে রাগে বিস্ফোরিত হয়। খ্রীষ্ট বিশ্বাসীরাও এই ক্রোধের ব্যতিক্রম নয়। একবার জন রবিবার সকালে গাড়ি চালিয়ে চার্চে যাচ্ছিল। রাস্তায় গাড়ির জট কিছুটা বেশী ছিল। সেই সময় জনের গাড়ির পেছনে যে গাড়িটা আসছিল সে তাকে পাশ কাটিয়ে যাবার জায়গা দেবার জন্য অনবরত বিকট শব্দ করে হর্ণ বাজাচ্ছিল। জন তাকে জায়গা দিতে পারছিল না কারণ সেখানে তাকে জায়গা দেবার মতো কোনও ফাঁকা জায়গাই ছিল না। যাইহোক পেছনের গাড়িটি কোনও ভাবে জায়গা করে নিয়ে সামনে এগিয়ে গিয়েছিল এবং পাশ কাটিয়ে যাওয়ার সময় সে গাড়িটা আস্তে করেছিল এবং জনের উদ্দেশে গালিগালাজ করেছিল। জন আঘাত পেয়েছিল কিন্তু সে তার মেজাজকে নিয়ন্ত্রণ করেছিল। চার্চে প্রবেশ করার সময় সে সেই একই গাড়িটাকে চার্চের কম্পাউণ্ডের মধ্যে দাঁড়িয়ে থাকতে দেখেছিল। জন আরও অধিক বিহ্বল হয়েছিল যখন সে বুঝতে পেরেছিল যে সেই গাড়ির চালক আর অন্য কেউ নন, তাদের নতুন পাস্টর যিনি তাদের উপাসক মণ্ডলীর ভার অধিগ্রহণ করেছিলেন। খ্রীষ্ট বিশ্বাসীদের তাদের খ্রীষ্টিয় সাক্ষ্য তুলে ধরার জন্য অবশ্যই এই ধরণের রাস্তার রাগ পরিত্যাগ করতে হবে।

## ৩। ক্রোধ

ক্রোধকে দুইভাগে বিভক্ত করা যায় -- ক) ধার্মিক ক্রোধ এবং খ) অধার্মিক ক্রোধ। যীশু যখন তাঁর পিতার গৃহকে "দস্যুদের গহ্বরে" রূপান্তরিত হতে দেখেছিলেন তখন তাঁর মধ্যে থেকে এই ক্রোধ প্রকাশিত হতে দেখা গিয়েছিল (মথি ২১:১৩)। তিনি চাবুক তুলে নিয়েছিলেন এবং ব্যবসায়ীদের সবাইকে বিতাড়িত করেছিলেন। তুলনামূলকভাবে আমাদের মানুষের পক্ষে এই ধার্মিক ক্রোধ অনুশীলন করা কঠিন কারণ আমাদের আবেগগুলি পাপের দ্বারা প্রশিক্ষিত। বাইবেল অনুসারে আমাদের অবশ্যই 'পাপের' বিরুদ্ধে ক্রোধ দেখানো উচিৎ -- **"যারা সদাপ্রভুকে ভালোবাসে তারা অধর্মকে ঘৃণা করুক"** (৯৭:১০)। **"ক্রোধে পাপ কোরো না"** (গীত ৪:৪)। ইফিষীয় ৪:২৬ পদে পল ভারবাটিম একই শব্দগুলি উদ্ধৃত করেছেন। এই সমস্ত বিষয়গুলির সঙ্গে পৌল সনির্বন্ধ অনুরোধ যোগ করেছেন -- **"সূর্যাস্থ হওয়ার আগেই তোমাদের ক্রোধ প্রশমন করো। দিয়াবলকে প্রশ্রয় দিয়ো না"** (ইফিষীয় ৪:২৬,২৭)।

আমরা যদি বুদ্ধিমান হই, তাহলে আমাদের ক্রোধে ধীর হতে হবে, যাকোব ১:১৯,২০ পদ স্মরণ করুন: **"কারণ মানুষের ক্রোধ ঈশ্বরের কাঙ্খিত ধর্মময় জীবনের বিকাশ ঘটাতে পারে না।"** সুতরাং পৌল এই অবাঞ্ছিত এবং প্রচণ্ড ভারী মালপত্র থেকে মুক্ত হওয়ার জন্য তিনটি পরামর্শ দিয়েছেন। প্রথম 'পাপ কোরো না'। কীভাবে ধার্মিক ক্রোধ দেখাতে হবে এবং তথাপি পাপ হবে না সেই প্রশ্ন আমাদের মনে উত্থিত হয়? জন্ স্টাটের বাইবেল অধ্যয়ন ধারাবাহিকে ইফিষীদের প্রতি বার্তাটি এই প্রশ্নের উত্তর দেয় **"সব রকমের তিক্ততা, রোষ ও ক্রোধ, কলহ ও নিন্দা, সেই সঙ্গে সব ধরণের হিংসা পরিহার করো"**। দ্বিতীয়তঃ, সূর্যাস্তের আগে আমাদের ক্রোধ থেকে মুক্ত হতে হবে। এর অর্থ হচ্ছে যে আমাদের ক্রোধের শুশ্রূষা করে অনেক দিনের জন্য বাঁচিয়ে তোলা উচিৎ নয়। তৃতীয়তঃ, আমাদের জীবনে দিয়াবলকে পদক্ষেপ ফেলার মতো কোনও জায়গা দেওয়া উচিৎ নয়। দিয়াবলকে ঘৃণা অথবা হিংস্রতা অথবা সহভাগিতা ভগ্ন করার বিষয় প্ররোচিত করার দ্বারা আমাদের ক্রোধের সুবিধা নিতে দেওয়া কখনও উচিৎ নয়। পণ্ডিত রাজা শলোমন কতৃক এই প্রচণ্ড ভারযুক্ত মালপত্রের থেকে মুক্ত হওয়ার আরেকটি পরামর্শ দেওয়া হয়েছে: **"বিনীত উত্তর ক্রোধ প্রশমিত করে, কিন্তু রূঢ় কথাবার্তা ক্রোধ জাগিয়ে তোলে"** (হিতোপদেশ ১৫:১)। সুতরাং আমাদের অবশ্যই স্বচ্ছন্দ যাত্রার জন্য আমাদের প্রচণ্ড ভারটি টেনে বাইরে ফেলে দিতে হবে।

## ৪। কলহ

কলহ হচ্ছে রূঢ়, গোলমালযুক্ত এবং অনিয়ন্ত্রিতভাবে লড়াই করা বা ঝগড়া করা। অনেক সময় আমরা দেখি পাস্টরেট কমিটি সদস্যরা চার্চের মধ্যে কলহ করার দ্বারা চার্চে বদনাম নিয়ে আসে। পাস্টরেট কমিটি নির্বাচনে বিবাদ থামানোর জন্য আমরা কি

*(ক্রমশঃ, ৬ পাতায়)*


# নহিমিয় বাইবেল কলেজ
## আবাসিক কলেজ

চীপক এবং সন্তোষপুরম

মাধ্যম: তামিল/ মাধ্যম: হিন্দী

ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE
REACHING NATIONS

Regd. Candidate for Membership ATA NEHEMIAH BIBLE COLLEGE CHENNAI ★ ECHO OF HIS CALL ★ Estd.: 1969

*Registered Candidate for Membership*
**Asia Theological Association (ATA)**

৫৩ বছর যাবৎ আন্তজার্তিক খ্রীষ্টিয় নেতৃবর্গ এবং বরিষ্ঠ পালকদের দ্বারা স্বীকৃত

**ঈশ্‌তত্ত্বে সার্টিফিকেট : এক বছর**
**ঈশ্‌তত্ত্বে ডিপ্লোমা : দুই বছর**

শিক্ষগত যোগ্যতা: দশম শ্রেণী এবং তদুর্ধ
ভর্ত্তির জন্য সত্বর যোগাযোগ করুন!

**Contact : The Chairman, Nehemiah Bible College.**
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org
★ ONLINE CLASSES ARE AVAILABLE ★

GREAT COMMISSION PARTNERS
ECHO OF HIS CALL MINISTRIES
SINCE 1969

# মহান আদেশ অংশীদারগণ

**ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)**

**প্রার্থনার অনুরোধসমূহ** (১৯শে জানুয়ারী থেকে ১৮ই ফেব্রুয়ারী, ২০২৩)

**(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)**

## প্রশংসার বিষয়সমূহ

**জানুয়ারী ১৯ :** আমাদের প্রধান মণ্ডলী এবং শাখামণ্ডলীগুলিতে ঈশ্বর মহানভাবে বড়দিন এবং নববর্ষ উদযাপন করতে আমাদের সক্ষম করেছেন।

**দিন ২০: সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুল, নহিমিয় বাইবেল কলেজ এবং থিওলজিকাল কলেজের ডাকমারফৎ পাঠক্রমের সমস্ত কার্যকলাপগুলির জন্য।**

**দিন ২১:** আমাদের প্রধান মণ্ডলীতে পুরুষদের সভাগুলিকে আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২২:** ঈশ্বর আমাদের ১৬টি ভাষায় প্রকাশিত সুসমাচার সাহিত্যকে আশীর্ব্বাদ করেছেন যা আমাদের প্রিন্টিং প্রেস থেকে মুদ্রিত হয় এবং মিশনক্ষেত্রগুলিতেপাঠিয়ে দেওয়া হয়।

**দিন ২৩:** গতমাসে আমাদের সমস্ত আর্থিক এবং আত্মিক প্রয়োজনগুলি পূরণ করার জন্য।

**দিন ২৪:** আমাদের পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারকে প্রচুররূপে আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২৫:** নিয়মিত থিওলজিকাল সেমিনারগুলি আয়োজন করতে সক্ষম করার জন্য।

**দিন ২৬:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের উপর তাঁর করুণার জন্য।

**দিন ২৭:** আমাদের আবাসিক **নহিমিয় বাইবেল কলেজের** শিক্ষার্থীদের জন্য মিউজিক ক্লাসের ব্যবস্থা করার জন্য।

**দিন ২৮:** নতুন বিশ্বাসীদের দ্বারা আমাদের চার্চকে আশীর্বাদ করারজন্য।

**দিন ২৯:** নতুন কর্মীদের দ্বারা আমাদের সংস্থাকে আশীর্বাদ করার জন্য।

**দিন ৩০:** আমাদের গ্রামীন হাইস্কুলের **(সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুল)** গরীব শিক্ষার্থিদের জন্য মিউজিক ক্লাসের (কীবোর্ড এবং গীটার) ব্যবস্থা করারজন্য।

**দিন ৩১:** আমাদের সহযোগী সম্পাদকদের জন্য এবং তাদের সহযোগিতার জন্য।

**ফেব্রায়ারী ০১:** আমাদের নহিমিয় আবাসিক কলেজের শিক্ষার্থীদের সন্ধ্যাবেলায় খেলার জন্য ঈশ্বর আমাদের ক্যারামবোর্ড এবং চেসবোর্ডগুলি কিনতে সক্ষম করেছেন।

**দিন ০২:** আমাদের প্রধান মণ্ডলী এবং শাখা মণ্ডলীগুলির জন্য এবং তাদের বিশ্বাসীদের জন্য।

**দিন ০৩:** আমাদের হাসপাতাল পরিষেবায় ঈশ্বরের অলৌকিক কাজগুলির জন্য।

## প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ০৪:** সমস্ত খ্রীষ্টিয় সংস্থা এবং চার্চগুলির উপর ঈশ্বরের আশীর্ব্বাদ এবং সুরক্ষার জন্য।

**দিন ৫:** সারা পৃথিবীতে শান্তির জন্য।

**দিন ৬:** মহিলা এবং শিশুদের বিরুদ্ধে হিংস্রতার থেকে ঈশ্বরের সুরক্ষার জন্য।

**দিন ৭:** এ মাসে আহ্বানের প্রতিধ্বনির প্রয়োজনীয় সমস্ত খরচের বিষয়ে আর্থিক সাহায্য জোগানের জন্য প্রার্থনা করুন।

**দিন ৮:** আহ্বানের প্রতিধ্বনির সমস্ত কর্মীদের সুস্বাস্থ্যের জন্য।

**দিন ৯:** আমাদের দেশের ঐক্য এবং সমস্ত দিকে উন্নতির জন্য।

**দিন ১০:** আমাদের সহযোগী সম্পাদক এবং তাদের পরিবারগুলির জন্য।

**দিন ১১:** আমাদের বরিষ্ঠ পাস্টরকে তাঁর আত্মজীবনী লিখতে দেওয়ার জন্য এবং পরিচালিত করার জন্য তাঁর মহানুভবতার জন্য।

**দিন ১২:** এ মাসে আমাদের সমস্ত প্রয়োজনগুলি মিটানোর জন্য

**দিন ১৩:** পৃথিবীতে তাঁর রাজ্য নির্মাণের উদ্দেশে আমাদের দৃষ্টিগোচর দর্শনগুলি দানের জন্য।

**দিন ১৪:** ভারতে সুসমাচার অপ্রসারিত গোষ্ঠীগুলোর কাছে পৌঁছানোর জন্য।

**দিন ১৫:** আমাদের সংস্থা, সমস্ত কর্মী এবং তাদের পরিবারগুলির উপর আশীর্ব্বাদের জন্য প্রার্থনা করুন।

**দিন১৬:** তাঁর আহ্বানের প্রতিধ্বনির যুব এবং বর্হিপ্রচার পরিচর্যাগুলির জন্য।

**দিন ১৭:** আমাদের সিনিয়ার পাস্টর এবং তাঁর পরিবারের সুস্বাস্থ্যের জন্য।

**দিন ১৮:** মন্দপানে আসক্ত এবং মন্দকার্যকারী সমস্ত ব্যক্তিরা যেন অনুতপ্ত হয়।

*(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)*

পুলিশের হস্তক্ষেপের কথা শুনিনি? তীমথিয়ের প্রতি লেখা পৌলের প্রথম পত্রে একজন তত্ত্বাবধায়কের যে গুণগুলি পৌল তালিকাবদ্ধ করেছেন তার মধ্যে একটি হচ্ছে: **"...প্রহারক না হন; কিন্তু ক্ষান্ত, নির্ব্বিরোধ ও অর্থলোভ-শূন্য হন"।** মহাজ্ঞানী রাজা শলোমন **"কলহপ্রিয়া স্ত্রীর সঙ্গে এক বাড়িতে থাকার চেয়ে ছাদের এক কোনায় বসবাস করা" শ্রেয় মনে করেছিলেন** (হিতোপদেশ ২১:৯)।

## ৫। নিন্দা

নিন্দা হচ্ছে অন্যদের সম্পর্কে খারাপ কথা বলা, বিশেষ করে তাদের পেছনে। এই কথাবার্তা কেবল তাদের সুনাম নষ্ট করে না কিন্তু আমাদেরও। গণনা ১২:১ পদে মোশি একজন কুশীয় মহিলাকে বিবাহ করার জন্য মরিয়ম এবং হারোণের মোশির বিরুদ্ধে নিন্দা করার একটি গল্প বলে। **"সদাপ্রভু সেই কথা শ্রবণ করলেন"** (গণনা ১২:২)। সদাপ্রভু ক্রুদ্ধ হয়েছিলেন এবং মরিয়ম এবং হারোণকে বলেছিলেন, "তাহলে তোমরা ভীত হলে না কেন, আমার সেবক মোশির বিপক্ষে কথা বলতে?" (গণনা ১২:৮)। তৎক্ষণাৎ তাদের উপর ঈশ্বরের কোপ এসে পড়েছিল এবং মরিয়ম এবং হারোণ কুষ্ঠরোগে আক্রান্ত হয়েছিল।

আমাদের মুখ থেকে যে সমস্ত কথা বের হয়ে আসে তার প্রত্যেকটির জন্য আমরা দায়বদ্ধ। আমাদের প্রভু যীশু খ্রীষ্ট আমাদের সতর্ক করে বলেছেন, **"অন্ধকারে উচ্চারিত তোমাদের বাণী শোনা যাবে প্রকাশ্য দিবালোকে। আর ভেতরের ঘরে যে কথা তুমি চুপিচুপি বলেছ, তা ঘোষণা করা হবে ছাদের উপর থেকে"** (লূক ১২:৩)। নিন্দা হচ্ছে একটি বিপজ্জনক অবাঞ্ছিত ভার। এটি ছুঁড়ে ফেলে দিন।

## ৬। হিংসা

হিংসা হচ্ছে মন্দ-ইচ্ছা, কামনা এবং সম্ভবতঃ লোকদের বিরুদ্ধে মন্দ চক্রান্ত করা। বাইবেলে সব থেকে উপযুক্ত হিংসার উদাহরণটি আদিপুস্তক ৩৭ অধ্যায়ে পাওয়া যাবে। যোষেফের ভাইরা যোষেফের বিরুদ্ধে চক্রান্ত করেছিল। **" এখন এসো, আমরা তাকে হত্যা করি ও এখানে যে জলাশয়গুলি আছে তার মধ্যে একটিতে তাকে ফেলে দিই এবং বলি যে হিংস্র কোনো পশু তাকে গিলে ফেলেছে"**(আদি ৩৭:২০)। কিন্তু ঈশ্বরের ইচ্ছা ভিন্ন ছিল এবং রূবেনের দ্বারা যোষেফের জীবন রক্ষা পেয়েছিল। পরে ঈশ্বর মিশরের সরকারী উচ্চপদে যোষেফকে উন্নিত করেছিলেন এবং তার ভাইদের তার কাছে এনেছিলেন এবং যোষেফকে তারা প্রণাম করেছিল। একই ভাবে, হামন মর্দখয়ের বিরুদ্ধে চক্রান্ত করেছিল এবং সে ৭৫ ফুট দীর্ঘ একটি ফাঁসিকাঠ তৈরী করেছিল। ইষ্টের ৫:১৪ পদ। কিন্তু, হাস্যকরভাবে, এটি চক্রান্তকারী হামনের বিরুদ্ধেই ব্যবহৃত হয়েছিল, তাকে সেই একই ফাঁসিকাঠে ঝুলিয়ে হত্যা করা হয়েছিল। ইষ্টের ৭:৯ পদ।

আমাদের স্বচ্ছন্দ যাত্রায় বাধা সৃষ্টিকারী ৬টি অবাঞ্ছিত ভারের বিষয় উপলব্ধি করার পর, আমাদের খুঁজে দেখতে হবে কীভাবে আমরা এই বাধা সৃষ্টিকারী বোঝাগুলোকে ছুঁড়ে ফেলতে পারি।

**প্রথম এবং সর্বাপেক্ষা প্রথম** যে পদক্ষেপটি আমাদের নিতে হবে তা হচ্ছে আমরা কী কী অতিরিক্ত বোঝা বহন করছি তা অন্বেষণ করার জন্য একটি সৎ মানসিকতা – তিক্ততা, রোষ, ক্রোধ, কলহ, নিন্দা, অথবা হিংসা। তারপর সেই অতিরিক্ত বোঝার বিষয়গুলিকে আমাদের প্রার্থনায় প্রভুর কাছে আনতে হবে এবং সেগুলি সরিয়ে দিতে আমাদের সাহায্য করতে তাঁর কাছে যাজ্ঞা করতে হবে। এছাড়াও আমরা এই বিষয়গুলি আমাদের পরামর্শদাতা অথবা আমাদের প্রার্থনার অংশীদারদের কাছে আনতে পারি, যাদের উপর আমরা আস্থা রাখতে পারি এবং যারা আমাদের ক্লেশের স্পষ্ট দিকগুলো অথবা যে অস্পষ্ট দাগগুলি আমরা ধরতে পারিনি, তারা সেই জায়গাগুলিকে চিহ্নিত করতে আমাদের সাহায্য করবে।

**দ্বিতীয় পদক্ষেপ** হচ্ছে এর থেকে মুক্ত হওয়া...। এই বিষয়গুলিকে চলে যেতে দেওয়া; এই আবেগগুলি থেকে নিষ্কৃতি পাওয়া খুবই কঠিন; আমরা আমাদের শক্তি এবং প্রচেষ্টা ব্যবহার করতে পারি না, কারণ আমাদের মধ্যে সর্বদা দুটি বিপরীত শক্তি কাজ করে। একটি হচ্ছে 'উত্তম' এবং অন্যটি হচ্ছে 'মন্দ'। এই পরিস্থিতিতে পৌল ক্রন্দন করেছিলেন: **"কী-দুর্ভাগ্যপূর্ণ মানুষ আমি! মৃত্যুর এই শরীর থেকে কে আমাকে নিস্তার করবে** (রোমীয় ৭:২৪)?" আমরা যে ৬টি অবাঞ্ছিত বোঝা বহন করি সেই বিষয় উপলব্ধি করার পর, পৌল বুঝতে পেরেছিলেন যে ঈশ্বরের মধ্যেই এর উত্তর আছে, অত্যন্ত স্বস্তির সঙ্গে, তিনি বলেছেন: **"আমাদের প্রভু, খ্রীষ্ট যীশুর মাধ্যমে আমি ঈশ্বরকে ধন্যবাদ দিই"** ( রোমীয় ৭:২৫)।

অতিরিক্ত মালপত্রের ভার থেকে নিষ্কৃতি পাওয়ার জন্য আমাদের সর্বশক্তিমানের ক্ষমতার প্রয়োজন। আমাদের প্রভু আমাদের সাহায্য করার জন্য পরামর্শদাতা এবং সান্ত্বনাদাতাকে দিয়েছেন। পুত্র ঈশ্বর, যীশু আমাদের জন্য মধ্যস্থতা করেন, আমরা যখন বাক্যের জন্য সংগ্রাম করি তখন পবিত্র আত্মা ঈশ্বর আমাদের মুখে উপযুক্ত বাক্য দেন এবং পিতা ঈশ্বর আমাদের প্রার্থনাগুলি শোনেন এবং উত্তর দেন। এই আস্থার সঙ্গে আমরা অনুগ্রহ সিংহাসনের সামনে আসতে পারি এবং তিনি আমাদের উদ্ধার করেন। যীশু খ্রীষ্ট আমাদের প্রার্থনা করতে শিক্ষা দিয়েছেন: **"মন্দ হইতে রক্ষা করো"**। আমাদের জীবন থেকে এই অতিরিক্ত ভারগুলি থেকে আমাদের নিষ্কৃতি দেবার জন্য আমাদের ঈশ্বরের কাছে যাজ্ঞা করতে হবে।

**তৃতীয় পদক্ষেপ** হচ্ছে আমাদের প্রতিষেধক গ্রহণ করতে হবে। প্রত্যেক বিষক্রিয়ার জন্য একটি প্রতিষেধক আছে। ইফিষীয় ৪: ৩২ পদে পৌল একই প্রসঙ্গে কয়েকটি পরামর্শ দিয়েছেন, আমাদের যাত্রাকে ক্লান্তিকর এবং ঝঞ্ঝাটপূর্ণ করার জন্য ৬টি মারাত্মক আবেগের জন্যে তিনটি প্রতিষেধক আছে। পৌল বলেছেন, **"পরস্পরের প্রতি দয়ার্দ্র ও সহানুভূতিশীল হও। ঈশ্বর যেমন খ্রীষ্টে তোমাদের ক্ষমা করেছেন, তেমনই তোমরাও পরস্পরকে ক্ষমা করো।"**

সহায়ক উপকারী এবং অত্যাবশ্যক মালপত্র বা বোঝাগুলো যা আমাদের অবশ্যই বহন করতে হবে:

## ১। দয়া

দয়া হচ্ছে একটি চারিত্রিক উৎকর্ষ এবং এটি অপরিহার্য উৎকর্ষগুলির মধ্যে একটি যা আমাদের অবশ্যই লাভ করা উচিৎ এবং এর ফলস্বরূপ অন্যরা যে সমস্ত যন্ত্রণার মধ্যে দিয়ে যাচ্ছে তা হরণ করে নেয়। "দয়াদ্র হও" উক্তিটির অর্থ হচ্ছে কোনও একজন যার আমাদের সাহায্যের প্রয়োজন আছে তার প্রতি বদান্য বা সদাশয় হওয়া। দয়া হচ্ছে শক্তিশালী অবস্থার মধ্যে থাকা একজন ব্যক্তির মধ্যে আপেক্ষিকভাবে দুর্বল অবস্থার মধ্যে থাকা একজন ব্যক্তির মঙ্গল করার মনোভাব থাকে। দয়া হচ্ছে দান করার মনোভাব, এবং আমরা উদারচিত্তে দান করার বিষয়টি বেছে নিই এবং আমাদের দান করার জন্য পর্যাপ্ত থাকে! খ্রীষ্টের মৃত্যু এবং পুনরুত্থানের মাধ্যমে, আমরা পর্যাপ্ত জীবন, পরিত্রাণ, স্বাধীনতা এবং ঈশ্বরের অনুগ্রহ পেয়েছি। যখন আমরা নিজেদের দুর্বলতা অনুভব করতে পারি, তখন আমরা খ্রীষ্টে বলবান হই। এটি আমাদেরকে অন্যদের প্রতি দয়াদ্র হতে সক্ষম করে। আর এর অর্থ হচ্ছে আমরা তাদের ক্ষমা করতে পারি। ক্ষমা আমাদের দুর্বলতা প্রদর্শন করে না। এটি দয়া এবং শক্তি প্রকাশ করে।

## ২। সহানুভূতি

সহানুভূতির আক্ষরিক অর্থ হচ্ছে 'এক সঙ্গে দুঃখভোগ করা'। এটি একটি অনুভূতি রূপে সংজ্ঞায়িত করা হয়েছে। আমরা যখন অন্যদের কষ্টভোগের বিষয়টি

দেখি তখন আমাদের মধ্যে এই ধরণের অনুভূতি তৈরী হয় এবং আমরা ঐ ব্যক্তিকে তার কষ্টভোগ থেকে মুক্ত করার বিষয় সচেষ্ট হওয়ার বিষয় অনুভব করি এবং তার দ্রুত আরোগ্যের কামনা করি। সহানুভূতি হচ্ছে কোনও একজন ব্যক্তির পরিস্থিতির সঙ্গে নিজেকে যুক্ত করা, এবং আমরা তাকে সাহায্য করতে চাই। আমরা কাউকে ক্লেশের মধ্যে দেখি এবং আমরা তাকে সাহায্য করার জন্য তৎপর হওয়ার বিষয় অনুভব করি। উদাহরণস্বরূপ, আমরা যখন বাসে যাত্রা করার সময় একজন গর্ভবতী মহিলাকে দেখি, তখন আমরা সঙ্গে সঙ্গে উঠে দাঁড়াই এবং তাকে বসতে দিই। এটাই সহানুভূতি। একদিনের মধ্যে আমরা যে ছোট ছোট বিষয়গুলি করি তার প্রত্যেকটি নেতিবাচক আবেগগুলির মধ্যে ভারসাম্য বজায় রাখতে সাহায্য করতে পারে। আমাদের আগেকার যে ভার প্রচণ্ড ভাবে আমাদের উপর চেপে বসেছিল এবং আমাদের জীবনের গতিরোধ করছিল তা দূর করার জন্য এটি হচ্ছে সব থেকে উত্তম প্রতিষেধক।

যীশু পালকহীন মেষপাল দেখেছিলেন (মার্ক ৬:৩৪)। সহানুভূতি যীশুর হৃদয়কে বিহুল করেছিল। তিনি কেবল তাদের আত্মিক ক্ষুধাই নিবৃত্ত করেননি কিন্তু তাদের শারীরিক ক্ষুধাও নিবৃত্ত করেছিলেন (মার্ক ৬:৩৭-৪৪)। অব্রাহাম যখন জানতে পেরেছিলেন যে ঈশ্বর সদোম ধ্বংস করবেন, তিনি সদোমের ধার্মিক লোকদের জন্য সহানুভূতিশীল হয়েছিলেন এবং ঈশ্বরের কাছে বিনতি করতে শুরু করেছিলেন। যদি সেখানে ৫০ জন ধার্মিক ব্যক্তি থাকেন তাদের জন্য অব্রাহাম শহরটিকে ধ্বংস না করার জন্য ঈশ্বরের কাছে যাচ্ঞা করতে শুরু করেছিলেন। অব্রাহাম ঈশ্বরের কাছে অবিরত বিনতি করছিলেন। কিন্তু অব্রাহাম জানতেন যে সদোমে ৫০ জন ধার্মিক ব্যক্তি ছিল না। সুতরাং সংখ্যাটি ক্রমাগত কমতে শুরু করেছিল--৪৫,৪০,৩৫,৩০ থেকে ১০ পর্যন্ত। এটিই হল সহানুভূতি।

## ৩। ক্ষমার মানসিকতা

দয়া এবং সহানুভূতি স্বাভাবিক ভাবেই আমাদের অন্যদের ক্ষমা করার পথে চালিত করে। ক্ষমা হচ্ছে সমস্ত সম্পর্কের ভিত্তি। ক্ষমার মানসিকতা একজন খ্রীষ্টিয় বিশ্বাসীর কাছে একটি অপরিহার্য বিষয় হওয়া উচিৎ, কারণ বিশ্বাসীরা ক্ষমাপ্রাপ্ত ব্যক্তি। ঈশ্বর যেমন আমাদের ক্ষমা করেছেন তেমন আমাদেরও উচিৎ অন্যদের ক্ষমা করা। লোকেরা যখন আমাদের আঘাত করে তখন আমরা তিক্ততা, রোষ, ক্রোধ, কলহ, নিন্দা এবং হিংসার বিভিন্ন পথে আমাদের প্রতিক্রিয়া ব্যক্ত করি। আমাদের প্রতিক্রিয়াগুলি ধ্বংসাত্মক আচরণ অথবা ধ্বংসাত্মক কথাবার্তার মাধ্যমে আমাদের মধ্যে থেকে বের হয়ে আসে। সেই সময় আমরা বুঝতে পারি না যে আমাদের তাৎক্ষনিক প্রতিক্রিয়াগুলি আমাদের সম্পর্কগুলিকে ধ্বংস করে দেবে। যে আমাদের আঘাত করেছে তাকে ক্ষমা করাই হচ্ছে আমাদের ভগ্ন সম্পর্কগুলি পুনরুদ্ধার করার একমাত্র উপায়। সুতরাং আমরা যে বিষয়গুলি নিয়ে আলোচনা করেছি তা এই একটি কথায় সংক্ষেপে প্রকাশ করা যায় -- ক্ষমা।

পৌল বলেছেন যে যেহেতু ঈশ্বর আমাদের পাপ ক্ষমা করেছেন সেহেতু আমাদের ক্ষমা করা উচিৎ। ইফিষীয় ১:৭। এই ক্ষমা ঈশ্বরের সঙ্গে আমাদের সম্পর্কের কেন্দ্রস্থল। ঈশ্বর আমাদের সমস্ত পাপ মুছে দিয়েছেন, এবং তিনি আমাদের মৃত্যু থেকে জীবনে তুলে ধরেছেন। তিনি আমাদের প্রতি অবিশ্বাস্যভাবে দয়ালু এবং সহানুভূতিশীল হয়েছেন। আর এখন আমরা খ্রীষ্টের মাধ্যমে নিরাপদ এবং গৌরবময় ভবিষ্যৎ দেখতে পাচ্ছি। ঈশ্বর কর্তৃক আমাদের ক্ষমা করার কারণে আমাদের অন্যদের ক্ষমা করার যুক্তি এবং শক্তি আছে। যেহেতু ঈশ্বর আমাদের সমস্ত মুছে দিয়েছেন এবং খ্রীষ্টে আমাদের পবিত্র এবং নির্দোষ গণ্য করেছেন, সেহেতু আমাদেরও অন্যদের প্রতি একই কাজ করার চেষ্টা করতে হবে: আমাদের বিরুদ্ধে অপরাধের নথিপুস্তক থেকে অন্যদের সমস্ত পাপ মুছে দিতে হবে। পৌল আমাদের অনুরোধ করেছেন, **"...তোমরা ঈশ্বরেরই অনুকরণ করো এবং প্রেমে চলো, যেমন খ্রীষ্ট আমাদের ভালোবেসেছেন এবং নিজেকে সুরভিত নৈবেদ্য ও বলিরূপে ঈশ্বরের উদ্দেশে উৎসর্গ করেছেন"** (ইফিষীয় ৫:১,২)। আমাদের জীবনে ঈশ্বরকে অনুকরণ করার জন্য আমাদের ক্ষমার মানসিকতাকে আত্মস্থ করতে হবে।

ক্ষমাহীন চরিত্র আমাদের যাত্রাকে কষ্টকর করে তোলে। এটি আমাদেরকে নীচের দিকে টেনে রাখে এবং আমাদের সামনে এগিয়ে যেতে দেয় না। ক্ষমা হচ্ছে একটি বুনিয়াদি বা প্রাথমিক খ্রীষ্টীয় উৎকর্ষ। আমাদের সমস্ত পাপের ক্ষমা লাভ করার পর এবং পাপের স্বাভাবিক পরিণতিগুলি থেকে নিষ্কৃতি লাভ করার পর; আমরা আমাদের বিরুদ্ধে করা অন্যদের সমস্ত পাপ এবং অপরাধগুলিকে ক্ষমা করতে বাধ্য হই। আমরা যদি অন্যদের ক্ষমা না করি তাহলে আমাদের নিজেদের বিশ্বাসী বলে ঘোষণা করার কোনও অধিকার নেই। যীশু খ্রীষ্ট মথি ৬:১৪,১৫ পদে আমাদের ক্ষমার বিষয় শিক্ষা দিয়েছেন: **"কারণ তোমরা যদি লোকের অপরাধ ক্ষমা করো, তোমাদের স্বর্গস্থ পিতাও তোমাদের অপরাধ ক্ষমা করবেন। কিন্তু তোমরা যদি লোকদিগের অপরাধ ক্ষমা না করো, তোমাদের পিতাও তোমাদের অপরাধসকল ক্ষমা করবেন না"** (মার্ক ১১:২৫)। একইভাবে আমাদের আরও মনে রাখতে হবে যে আমরা অন্যদের ক্ষমা করি বলে যে ঈশ্বর আমাদের ক্ষমা করেন তা নয়, কিন্তু তিনি সম্পূর্ণরূপে তাঁর করুণায় আমাদের ক্ষমা করেন। ক্ষমাহীন মানসিকতা আমাদের এই ৬টি অবাঞ্ছিত বোঝার দিকে চালিত করে যা আমরা আগে আলোচনা করেছি। কীভাবে ক্ষমা করতে হবে এবং ভুলে যেতে হবে সেই বিষয়টি শেখা হচ্ছে সুখী খ্রীষ্টিয় জীবনের একটি গোপন রহস্য।

**চতুর্থ পদক্ষেপটি** হচ্ছে আমাদের বিশ্বাসের রচয়িতা এবং সিদ্ধিকর্তা, যীশু খ্রীষ্টের প্রতি আমাদের দৃষ্টি নিবদ্ধ করে ফোকাসে থাকা এবং আমাদের জীবনযাত্রাকে অব্যাহত রাখা। পবিত্র বাইবেলের কিং জেমস সংস্করণে আমাদের উৎসাহিত করা হয়েছে। ইব্রীয় পুস্তক ১২:১

*(ক্রমশঃ, ৯ পাতায়)*


## TAX EXEMPTION

*to donations received for Educational and Medical Aid for under-privileged*

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

**Account Name** : **ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST**
**Account Number** : **1023 2923 805**
**Bank Name** : **STATE BANK OF INDIA**
**Branch** : **TRIPLICANE, CHENNAI - 600 005**
**IFSC Code** : **SBIN 0000249**
**SWIFT Code** : **SBI NIN BB 455**



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

**(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)**

**"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)**

## তিনি আমার জীবন পরিবর্তন করেন

**"তিনি ধুলো থেকে দরিদ্রদের তোলেন, আর ছাইয়ের স্তূপ থেকে অভাবীদের ওঠান" (গীত ১১৩:৭)**

আমার নিয়মিত কাজের সময়ের বাইরে, আমার যে সময় থাকতো, আমি বিনামূল্যে পুস্তিকা বিতরণ করতাম, ব্যক্তিগত সুসমাচার প্রসার কার্য করতাম এবং ছোট ছোট সুসমাচার সভাগুলির আয়োজন করতাম কিন্তু ঈশ্বর আমাকে ঐ কাজগুলি কার্যকরীভাবে করতে সাহায্য করেছিলেন।


আমার প্রিয় বন্ধুগণ, ব্রাদার ডি. ডব্লু. দেবাকানথান এবং ব্রাদার আর.ই. জেয়ারাজ যারা আমার সঙ্গে কাজ করেছিলেন, তারা ১৯৭১ সালে একবার আমার কাছে এসেছিলেন এবং আমাকে জিজ্ঞাসা করেছিলেন, "এই অফিসে তুমি একজন অনুপম ব্যক্তি বলে মনে হয়! আমি তোমার মধ্যে অত্যন্ত বিশেষ কিছু দেখি!! এর কারণ কী? তুমি কি খ্রীষ্টান?" আমি উত্তর দিয়েছিলাম, "হ্যাঁ! আমি ঈশ্বরের সন্তান যে আকাশ এবং পৃথিবীর সৃষ্টিকর্তা সর্বশক্তিমান প্রভু যীশু খ্রীষ্ট দ্বারা পরিত্রাণ লাভ করেছে"। তারা আবার বলেছিল, "তুমি একজন স্মার্ট বালক! তুমি কি এখনও পরিত্রাণের অভিজ্ঞতার মধ্যে আছো?" আমি বলেছিলাম, "হ্যাঁ"। তারা আমাকে আলিঙ্গন করেছিল এবং তারা আমাকে জিজ্ঞাসা করেছিল যে আমি ব্রাদার ডি. ডব্লিউ. দেবাকানাথানের সঙ্গে ঐ রবিবার সকালে তাদের পাস্টরের সঙ্গে সাক্ষাৎ করতে যাব কি না। আমি তার সঙ্গে যাবার প্রস্তাবটি গ্রহণ করেছিলাম। সুতরাং ব্রাদার ডি. ডব্লিউ. দেবাকানাথান আমাকে তার বাইসাইকেলের পেছনে বসিয়েছিল এবং ১৯৭১ সালের ডিসেম্বর মাসে অ্যাপোস্টলিক খ্রীষ্টিয়ান এ্যাসেম্বলীর প্রধান পাস্টর, শ্রদ্ধেয় পাস্টর জি. সুন্দরমের সঙ্গে এবং সহযোগী পাস্টর এম. কে. স্যাম সুন্দরমের সঙ্গে সাক্ষাৎ করানোর জন্য নিয়ে গিয়েছিল।



ব্রাদার ডি. ডব্লিউ. দেবাকানাথান



প্রধান পাস্টর জি. সুন্দরম



সহযোগী পাস্টর, এম. কে.স্যাম সুন্দরম

প্রধান পাস্টর জি. সুন্দরমের সঙ্গে আমার সেই কথোপকথন কখনও ভুলে যাওয়া সম্ভব নয়। তাঁর সুন্দর চেহারা, মৃদু হাসি এবং চিন্তা এবং দায়িত্বের বিষয় কথাগুলি আমার নিজের বাবার সঙ্গে আমার সম্পর্কের বিষয়টি স্মরণ করিয়ে দিয়েছিল। সুতরাং আমি তাঁকে বলেছিলাম, "আমিও আপনার মতো রূপান্তরিত হতে চাই!" তিনিও আমাকে আলিঙ্গন করেছিলেন এবং আমাকে চুম্বন দিয়েছিলেন এবং বলেছিলেন "তোমাকে এর জন্য মহামূল্য দিতে হতে পারে এবং ঐ লক্ষ্যে পৌঁছানোর জন্যে কঠিন জীবনের মধ্যে দিয়ে যেতে হতে পারে।" আমি উত্তর দিয়েছিলাম, "আমি মনপ্রাণ দিয়ে করবো"। সেই দিন থেকে আমি তাঁর চার্চের একজন শক্তিশালী সদস্যে পরিণত হয়েছিলাম এবং আমাকে উপাসনা দলের মধ্যেও অধিষ্ঠিত করা হয়েছিল। তিনি চার্চে যে বাণীগুলি প্রচার করতেন এবং তাঁর কার্যকলাপগুলি আমাকে খুব আকর্ষণ করতো।

আমি সহযোগী পাস্টর এম.কে. স্যাম সুন্দরমের সঙ্গেও ছিলাম এবং সরলভাবে পরিচর্যা কাজে ব্যবহৃত হয়েছিলাম। তিনিও আমাকে শিক্ষা দিয়েছিলেন এবং টিকিয়ে রেখেছিলেন।



ব্রাদার ভিকটর স্বামীদাস

ব্রাদার ভিকটর স্বামীদাস (রেলওয়েস), ব্রাদার এ.সেলভারাজ (পাবলিক ওয়র্কস ডিপার্টমেণ্ট), ইভানজেলিস্ট জেয়ামোহন (শিক্ষক) এবং ইভানজেলিস্ট এন. জীবানন্দমের মতো বিভিন্ন ঈশ্বরের দাসদের সঙ্গে আমি পরিচিত হয়েছিলাম। তারা আমাকে আত্মিকভাবে বৃদ্ধি লাভ করতে সাহায্য করেছিলেন।

১৯৭২ সালে পাস্টর জি. সুন্দরমের দ্বারা আমি বাপ্তাইজিত হয়েছিলাম এবং ১৯৭৭ সালের ২৬শে ডিসেম্বর পাস্টর এম.কে. সুন্দরম এবং দক্ষিণ আফ্রিকার পাস্টর রূবেণ তীমথিয়ের উপস্থিতিতে পরিচারক হিসাবে আমি অভিষিক্ত হয়েছি।

যারা চার্চের উপাসনা সভায় যোগদান করে তাদের জুতো এবং চটিগুলির দেখাশোনা করার জন্য পাস্টর আনন্দের সঙ্গে কাজ করার জন্য পাস্টর জি. সুন্দরম আমার সঙ্গে যোগাযোগ করেছিলেন।



পাস্টর স্যাম সেলভা রাজ
অভিষেক-১৯৭৭

যারা চার্চের উপাসনা সভায় যোগদান করে তারা সাধারণত তাদের জুতো এবং চটিগুলো চার্চের বাইরে একটি কাঠের স্ট্যাণ্ডের মধ্যে রাখে এবং উপাসনার শেষে





সেখান থেকে নিয়ে নেয়। সদস্যদের জুতো এবং চটিগুলির নিরাপত্তা এবং তাদেরকে ফেরৎ দেবার দায়িত্ব আমাদের দুজনের উপর ছিল।



পাস্টর এস. আনন্দ

পাস্টর আনন্দ এখন চেন্নাইয়ে করুণানিধি কালেইনগনার নগর পরিচর্যার একটি বড় অ্যাপোস্টলিক চার্চ অ্যাসেম্বলীর মহান আত্মিক নেতা এবং সিনিয়ার পাস্টর। তারা প্রায়ই আমাদের মণ্ডলীতে প্রচার করেন, আমাদের চার্চগুলির এবং নহিমিয় বাইবেল কলেজে লেকচারার এবং অতিথি বক্তারূপে তাদের পরিষেবা দান করেন। তারা বিভিন্নভাবে আমাদের পরিচর্যা কাজে সাহায্য করেছে। এটি বিশেষভাবে স্মরণ করা গুরুত্বপূর্ণ যে আমি একটি ছোট চার্চের পাস্টর ছিলাম এবং ঈশ্বর আমাকে বাইবেল কলেজ চালানোর জন্য তুলেছেন যেখানে আমি এই মহান ব্যক্তিদের পরিষেবা লাভ করার সুযোগ পেয়েছিলাম।

ইতিমধ্যেই উল্লেখ করা হয়েছে যে প্রভু আমাকে বিভিন্ন ভাষায় তাঁর আহ্বানের প্রতিধ্বনি নামের খ্রীষ্টিয় মাসিক পত্রিকাটি প্রকাশ করতে সাহায্য করেছিলেন। যে মুহূর্তে আমি ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য অভিষিক্ত হয়েছিলাম, প্রভু আমাকে কয়েকটি স্থানীয় মণ্ডলীকে সাহায্য করতে এবং চীপকে ছোটভাবে একটি চার্চ শুরু করতে সক্ষম করেছিলেন, যা চেন্নাই শহরের সম্ভবতঃ একটি সুসমাচার অপ্রচারিত স্থানে অবস্থিত ছিল। বর্তমানে আমাদের প্রধান চার্চটি ঐ এলাকাতেই কাজ করছে।

কঠোর পরিশ্রম এবং অবিরত প্রার্থনা করা সত্ত্বেও, আমি নতুন নতুন আত্মা লাভ করতে সক্ষম হইনি। অন্য চার্চের লোকদের প্রলোভিত না করার এবং তাদের আমার চার্চের সদস্য না করার বিষয় আমি দৃঢ় প্রতিজ্ঞ ছিলাম। আমি সর্বদা 'মেষ চুরি' করার বিরোধী ছিলাম। সুতরাং প্রথম পাঁচ বছর আমার স্ত্রী এবং কন্যা আমাদের চার্চের সদস্য ছিল। আমি চেন্নাইয়ের চীপকে, আকবর সাহিব স্ট্রীট, বিগ স্ট্রীট এবং সি.এন.কৃষ্ণস্বামী রোডে অবস্থিত চার্চে প্রত্যেক রবিবার সকালে এবং সন্ধ্যায় তাদের কাছে প্রচার করতাম এবং তারা আমার প্রচার শুনতো। এছাড়াও আমরা রাস্তায় প্রচার, হাসপাতালের অসুস্থ লোকদের এবং রাস্তার গরীব লোকদের পরিদর্শনের কাজের সঙ্গেও যুক্ত ছিলাম। পরিবারগত হিসাবে আমরা আমাদের উপার্জন ঈশ্বরের পরিচর্যা কাজে ব্যবহার করতাম এবং এই কারণে আমাদের বেশ কয়েকবার অনাহারে দিন অতি-বাহিত করতে হয়েছিল।





যেহেতু, আমার একোরডিয়ান (বাদ্যযন্ত্র) বাজানোর অভ্যাস ছিল, সেহেতু যখনই আমি বাজনা বাজিয়ে প্রভু যীশু খ্রীষ্টের গৌরব গান করতাম, আমাদের বাড়ীওয়ালা তা পছন্দ করতেন না, তিনি বলতেন যে তাদের দেবতারা সক্রিয় হতে সক্ষম হচ্ছিল না। সুতরাং বাড়ীওয়ালা আমাদের বাসস্থান এবং চার্চের অবস্থান পরিবর্তন করতে বলেছিলেন, যার ফলে আমাদের বেশ কয়েকটি অ-খ্রীষ্টিয় এলাকায় বিভিন্ন রাস্তায় আমাদের বাসস্থান পরিবর্তিত করতে হয়েছিল। ***



---

(ক্রমশঃ ৭ম পৃষ্ঠার পর থেকে)

পদে, আমরা পাঠ করি: **"সুতরাং, আমরা এরকম এক বিশাল সাক্ষীবাহিনী দ্বারা পরিবেষ্টিত হওয়ায়, এসো বাধাদায়ক সমস্ত বিষয় (ভার) ও যেসব পাপ সহজেই আমাদের জড়িয়ে ধরে, সেগুলি ছুঁড়ে ফেলি। আর যে দৌড় আমাদের জন্য নির্ধারণ করা হয়েছে, এসো ধৈর্যের সঙ্গে সেই অভিমুখে ছুটে চলি"** (হিব্রীয় ১২:১)। যদি প্রভু যীশুর উপরে আমাদের ফোকাস থাকে তাহলে আমরা সহজেই দৌড়াতে পারি এবং আমি ভেবেচিনতে কিং জেমস সংস্করণটি বেছে নিয়েছি কারণ একমাত্র এই সংস্করণটিতে "ভার" শব্দটি ব্যবহার করা হয়েছে। আমরা যদি যীশুর উপর আমাদের ফোকাস রাখি তাহলে আমরা দৌড়াতে পারি এবং সহজেই আমাদের দৌড় সমাপ্ত করতে পারি। একজন ক্রীড়াবিদ যে প্রতিযোগিতায় দৌড়ায় সে যথা সম্ভব কম পোষাক পরিধান করে। আমরা কখনও একজন ক্রীড়াবিদকে সম্পূর্ণ সুট পরে দৌড়াতে দেখতে পাই না। এই ধরণের পোষাক তার বেগের ক্ষেত্রে বাধাদায়ক হবে। সেই কারণে হিব্রীয় পুস্তকের লেখক আমাদেরকে সমস্ত রকমের ভার এবং পাপ একপাশে সরিয়ে রাখতে বলেছেন — তিক্ততা, রোষ, ক্রোধ, কলহ, নিন্দা এবং হিংসা, কিন্তু দৌড় দয়া, সহানুভূতি এবং ক্ষমার মনোভাব বহন করে। পুরাতন নিয়মের নায়করা ছাড়াও আমরা সাধু সুন্দর সিং, পণ্ডিতা রমাবাঈ, উইলিয়াম কেরী, বিশপ ভি.এস আজারিয় এবং গ্রাহাম স্টেইনসের মতো আধুনিক নায়কদের অনুকরণ করতে পারি, যাঁরা উত্তমরূপে দৌড়েছিলেন, আমাদের মাতৃভূমিতে পরিচর্যা কাজ করেছিলেন এবং আমাদের ভারতীয়দের জন্য মৃত্যুবরণ করেছিলেন।

আমরা ২০২৩ নববর্ষের সঙ্কল্পগুলি নিয়ে আমাদের আলোচনা শুরু করেছিলাম। আসুন আমরা এখন আমাদের পঙ্গুকারী বোঝাগুলি মোচন করার বিষয়টি গভীরভাবে বিবেচনা করি এবং বিজয়ীভাবে আমাদের খ্রীষ্টিয় যাত্রা সম্পূর্ণ করি এবং পরিশেষে সাহসের সঙ্গে পৌলের সঙ্গে ঘোষণা করি: **"আমি উত্তম সমরে সংগ্রাম করেছি। আমার দৌড় সমাপ্ত হয়েছে। আমি বিশ্বাস রক্ষা করেছি। এখন আমার জন্য সঞ্চিত আছে সেই ধার্মিকতার মুকুট। ধর্মময় বিচারক, সেই**


## কর্মী চাই

আমাদের উত্তম দর্শন এবং পরিচর্যা কাজে সমর্পিত নিম্নলিখিত পদের জন্য কর্মী প্রয়োজন

- কম্পিউটারে অভিজ্ঞতা সম্পন্ন অফিস স্টাফ
- প্রিন্টিং প্রেস এবং অফিসের জন্য সহযোগী কর্মী
- অফিসের কাজ দেখাশোনার জন্য তত্ত্বাবধানকারী
- অডিও / ভিডিও টেকনিসিয়ান
- ম্যাট্রিকুলেশন স্কুলের প্রধান শিক্ষক
- ম্যাট্রিকুলেশন স্কুলের শিক্ষক এবং শিক্ষিকা
- সহযোগী পালকগণ
- সুসমাচার প্রচারক
- বাইবেল কলেজ প্রিন্সিপাল
- নিরাপত্তা কর্মী
- গাড়ীর চালক

**Please Contact : ECHO OF HIS CALL**
**Cell : 98410 71858**

RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/21-23 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/21-23

প্রভু, সেদিন আমাকে তা দান করবেন। শুধুমাত্র আমাকে নয়, কিন্তু যতজন তাঁর প্রকাশপ্রাপ্তি ভালোবাসে, তাদের সবাইকেই তা দেবেন" (২ তীমথিয় ৪:৭,৮)।

নতুন বছরের এই সঙ্কল্পগুলির উপর গভীরভাবে ধ্যান করুন, প্রার্থনা করুন, আপনার জীবনে সেগুলি আরোপ করুন, কম বোঝা সহকারে সামনে এগিয়ে যান। আপনাদের সবাইকে ২০২৩ নববর্ষের প্রীতি ও শুভেচ্ছা জানাই। ঈশ্বর আপনাদের আশীর্বাদ করুন।

************

## OUR BANK DETAILS:

### 1. Bank : State Bank of India

| | | |
|---|---|---|
| Branch | : | Triplicane, Chennai-5 |
| Name | : | S. Sam Selva Raj |
| A/C No. | : | 1023 2934 679 |
| IFSC | : | SBIN 00 00 249 |
| SWIFT CODE | : | SBI NIN BB 455 |

### 2. Bank : ICICI Bank

| | | |
|---|---|---|
| Branch | : | Anna Salai, Chennai-6 |
| Name | : | Echo of His Call |
| A/C No. | : | 6038 0502 2319 |
| IFSC | : | ICIC 000 6038 |

### 3. Bank : State Bank of India

(This Account is for Tax Exemption for Indians only )

| | | |
|---|---|---|
| Branch | : | Triplicane, Chennai-5 |
| Name | : | Echo of His Call Educational Trust |
| A/C No. | : | 1023 2923 805 |
| IFSC | : | SBIN 00 00 249 |

Google Pay: 98410 71858
PayPal : SAM SELVA RAJ

*****

E.mail : sam@echoofhiscall.org

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিন্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা **আজীবন গ্রাহক মূল্য :** ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :


## ECHO OF HIS CALL

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852, 95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.com


YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO

RNI NO. 70104/98
Postal Regn. No. TN/CH/(C)/205/21-23
WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/21-23
Date of Publication: Second week of every month
Date of Posting : 13th & 14th of every month
Posted at "Egmore RMS / 1 Patrika Channel"
on 14th JANUAR 2023
If un-delivered please return to:
ECHO OF HIS CALL (BENGALI)
P.O. Box No. 2957,
Chepauk, Chennai - 600 005, INDIA.
Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766

*JESUS LOVES YOU!*

To

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers,** New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**